গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-বগুড়া
বাড়ী নং-১৩, রোড নং-০১, উপশহর, বগুড়া।
website: www.tax.bogra.gov.bd , e-mail: ctbogra2011@gmail.com

বিজ্ঞপ্তি নং-১ই-১/নিয়োগ/কঃঅঃবঃ/২০১৭-২০১৮/১৩৬৯ তারিখঃ ১৯/০৪/২০১৮খ্রিঃ

"নিয়োগ বিজ্ঞপ্তি"

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অধিশাখা-২ (কর) এর ১৫/১১/২০১৭ খ্রিঃ তারিখের ০৮.০০.০০০০.০৩৭.১১.০২৯.১৭-৬৯৬ নং স্মারক অনুযায়ী কর কমিশনার, কর অঞ্চল-বগুড়ার অধীনে শুন্য পদের বিপরীতে অস্থায়ী ভাবে জনবল নিয়োগের নিমিত্ত কলাম ৫ এ বর্ণিত জেলাসমূহের স্থায়ী বাসিন্দা/নাগরিকগণের নিকট হতে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের শর্ত সাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত ছকে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম, বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী)	শুন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার বাসিন্দা/নাগরিকগণ আবেদন করতে পারবেন
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১।	ব্যক্তিগত সহকারী বেতন স্কেল- ১১,০০০-২৬,৫৯০/- গ্রেড-১৩	০২	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটারে বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ। (গ) প্রতি মিনিটে সাঁটলিপিতে গতি বাংলায় ৫০ ও ইংরেজিতে ৮০ শব্দ। কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দ।	বগুড়া, সিরাজগঞ্জ, গাইবান্ধা, জয়পুরহাট।
২।	উচ্চমান সহকারী বেতন স্কেল-১০,২০০-২৪,৬৮০/- গ্রেড-১৪	০৩	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটারে বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ।	বগুড়া, সিরাজগঞ্জ, গাইবান্ধা, জয়পুরহাট।
৩।	সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর/ কম্পিউটার অপারেটর বেতন স্কেল- ১০,২০০-২৪,৬৮০/- গ্রেড-১৪	১৩	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট উত্তীর্ণ; (খ) কম্পিউটারে বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ। (গ) প্রতি মিনিটে সাঁটলিপিতে গতি বাংলায় ৪৫ ও ইংরেজিতে ৭০ শব্দ। কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দ।	বগুড়া, সিরাজগঞ্জ, গাইবান্ধা, জয়পুরহাট
৪।	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/ ডাটা এন্ট্রি অপারেটর ৯,৩০০-২২,৪৯০/- গ্রেড-১৬	০৫	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটারে বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ। (গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দ।	বগুড়া, সিরাজগঞ্জ, গাইবান্ধা, জয়পুরহাট।
৫।	গাড়ী চালক ৯,৩০০-২২,৪৯০/- গ্রেড-১৬	০৫	অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং হালকা/ভারী যানবাহন চালনায় বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে। বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধীকার দেওয়া হবে।	বগুড়া, সিরাজগঞ্জ, গাইবান্ধা, জয়পুরহাট।
৬।	নোটিশ সার্ভার ৮,২৫০-২০,০১০/- গ্রেড-২০	০৭	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	বগুড়া, সিরাজগঞ্জ, গাইবান্ধা, জয়পুরহাট।
৭।	অফিস সহায়ক ৮,২৫০-২০,০১০/- গ্রেড-২০	০৬	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	বগুড়া, সিরাজগঞ্জ, গাইবান্ধা, জয়পুরহাট।
৮।	নিরাপত্তা প্রহরী ৮,২৫০-২০,০১০/- গ্রেড-২০	১০	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	বগুড়া, সিরাজগঞ্জ, গাইবান্ধা, জয়পুরহাট।

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে ঃ

০১। ২৫-০৪-২০১৮ খ্রিঃ তারিখে সাধারণ প্রার্থী এবং উপজাতি কোটার ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমানের ক্ষেত্রে এভিডেভিট গ্রহণযোগ্য নয়।

০২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি পত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

০৩। সকল প্রার্থীকে অনলাইনে http://btax.teletalk.com.bd ওয়েবসাইটের মাধ্যমে আগামী ১৭-০৫-২০১৮ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে আবেদন করতে হবে। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস করে আবেদন ফি জমা দিলে তা প্রত্যাহার করা যাবে না।

০৪। Online আবেদন প্রার্থী তার সদ্য তোলা রঙ্গিন ছবি (দৈর্ঘ্য৩০০×প্রস্থ ৩০০ Pixel), File size maximum 100 kb এবং স্বাক্ষর (দৈর্ঘ্য৩০০×প্রস্থ ৮০ Pixel), File size maximum 60 kb এ স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

০৫। যেহেতু Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তীতে সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

০৬। প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

০৭। SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান ঃ Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মত ছবি ও Signature Upload করে আবেদপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit কারী প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy কপি পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে পরীক্ষার ফি অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। ১-৫ নম্বর ক্রমিকের পদের জন্য ১০০/- (এক শত) টাকা এবং ৬-৮ নম্বর ক্রমিকের পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা জমা করতে হবে। বিশেষভাবে উল্লেখ্য, আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

প্রথম SMS: TAXB <space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example : TAXB ABCDEF
Reply: Applicant's Name, TK..... will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type TAXB<Space>Yes<Space>PIN and send to 16222.
দ্বিতীয় SMS : TAXB <space> Yes <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Reply: Congratulations Applicant’s Name, Payment completed successfully for TAXB Application for post xxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)
SMS এ Password পাবেন। এই Password টি Admit Card (প্রবেশপত্র) Download এর জন্য প্রার্থী সংরক্ষণ করবেন।

০৮। শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন ঃ

(ক) User ID জানা থাকলে TAXB<space>Help<space>User<space>User ID& Send to 16222
(example : TAXB Help User ABCDEF & Send to 16222)

(খ) PIN Number জানা থাকলে TAXB <space>Help<space>PIN<space>PIN NO & Send to 16222
(example : TAXB Help PIN 123456 & Send to 16222)

০৯। কর কমিশনারের কার্যালয়, কর অঞ্চল-বগুড়া এর নিয়োগ বিজ্ঞপ্তি, ও আবেদনপত্র পূরণের নিয়মাবলী, পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য http://btax.teletalk.com.bd পাওয়া যাবে।

১০। যে কোন তথ্য ও কারিগরি সহায়তার জন্য Teletalk Customer Care যোগাযোগ অথবা Teletalk মোবাইল থেকে ১২১ এ ফোন করা যেতে পারে।

১১। প্রার্থীর যোগ্যতা যাচাই ঃ

(ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। **মৌখিক পরীক্ষার সময়** নিম্নবর্ণিত (ক্রমিক নং-১-১০) পর্যন্ত কাগজপত্রের মূলকপি প্রদর্শন পূর্বক প্রতিটির ০১ টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

১. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)
২. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
৩. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি।
৪. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশন-এর ওয়ার্ড কাউন্সিলর/প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
৫. ক্রমিক নং-৫ এ বর্ণিত পদের প্রার্থীর ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি।
৬. জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।
৭. Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant’s Copy)।
৮. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের গত ১৯-০৬-২০১৭ খ্রিঃ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২ নং স্মারকে জারিকৃত পরিপত্র এবং ১৭-০১-২০১৮ খ্রিঃ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭/২৫ নং স্মারকে জারিকৃত সংশোধিত পরিপত্রের নির্দেশনা মোতাবেক মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকরি প্রার্থীকে নিম্নবর্ণিত ছক পূরণ করে এবং ছকে বর্ণিত কাগজপত্রের সত্যায়িত ছায়ালিপি সংযুক্ত করে মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা	মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা	প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক ও উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত সনদ	মুক্তিযোদ্ধার প্রমাণকের বিবরণী	মুক্তিযোদ্ধার জন্ম তারিখ	মন্তব্য
		(নাতি/নাতনির ক্ষেত্রে ছেলে/মেয়ে পক্ষ উল্লেখসহ)	১। লাল মুক্তি বার্তা নম্বর : ২। ভারতীয় তালিকা ও খণ্ড নম্বর : ৩। গেজেট নম্বর ও তারিখ : ৪। সাময়িক সনদের নম্বর ও তারিখ : ৫। বামুস সনদের নম্বর ও তারিখ : (ক্রমিক নং-১ ও ২ এ বর্ণিত তালিকায় নাম না থাকলে ৩নং ক্রমিকে বর্ণিত গেজেটসহ ৪ ও ৫ নং ক্রমিকে বর্ণিত উভয় অথবা যে কোন একটি প্রমাণ দাখিল করতে হবে)	১। জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ : ২। জাতীয় পরিচয়পত্র অনুযায়ী জন্ম তারিখ : ৩। এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ : ৪। জন্ম নিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের প্রত্যয়নপত্র অনুযায়ী জন্ম তারিখ :	

১২. বিবিধ ঃ
(ক) পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য http://btax.teletalk.com.bd ও www.tax.bogra.gov.bd ওয়েবসাইট এ পাওয়া যাবে।
(খ) নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। নিয়োগে সরকারের প্রচলিত বিধি-বিধান ও কোটানীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধণ হলে তা অনুসরণ করা হবে।

১৪। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।

১৬। উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

(মোঃ হাবিবুর রহমান)
সহকারী কর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন)
কর অঞ্চল-বগুড়া
এবং
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
কর অঞ্চল-বগুড়া।